**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/8/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# চলমান COVID-19 মহামারীর মধ্যে, গভর্নর কুওমো বহু-প্লাটফর্মের, বহু-ভাষার শিক্ষা এবং সচেতনতা প্রচারণা শুরু করেন সারা রাজ্য জুড়ে সকল জিপ কোড এবং সম্প্রদায়ের নিউ ইয়র্কবাসীদের কাছে পৌছাতে।

***বৃহত্তর দর্শকের কাছে প্রচারের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের বাড়িতে থাকতে বলা রাজ্যের মূল মেসেজটি গুরুত্ব পাবে***

***গভর্নর, জেনিফার লোপেজ এবং অ্যালেক্স রড্রিগেজের সাথে সম্ভাব্য বিস্তৃত শ্রোতাদের কাছে পৌঁছানোর জন্য, ইনস্টাগ্রাম প্রচারণা শুরু করেন, #IStayHomeFor***

***জীবন-রক্ষাকারী বাড়িতে থাকুন মেসেজের মাধ্যমে নিউ ইয়র্কের সকল সম্প্রদায়ের কাছে পৌঁছানোর রাজ্যের চলমান প্রচেষ্টার বৃদ্ধি করে***

চলমান COVID-19 মহামারীর মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ একটি বহু-প্ল্যাটফর্মের, বহু-ভাষার শিক্ষা এবং সচেতনতা প্রচারণা শুরু করেন সারা রাজ্য জুড়ে সকল জিপ কোড এবং সম্প্রদায়ের নিউ ইয়র্কবাসীদের কাছে পৌছাতে এই প্রচারণা বাড়িতে থাকতে বলা রাজ্যের মূল মেসেজকে গুরুত্ব দেবে এবং নতুন ও বৃহত্তর দর্শকদের কাছে এই গুরুত্বপূর্ণ জনাদেশের প্রচার ও সচেতনতা প্রসার করবে। গভর্নর, জেনিফার লোপেজ ও অ্যালেক্স রড্রিগেজের সঙ্গে রাজ্যের জীবন-রক্ষাকারী বাড়িতে থাকুন মেসেজ সম্ভাব্য বিস্তৃত দর্শকের কাছে পৌঁছতে সাহায্য করার জন্য ইনস্টাগ্রাম প্রচারণা শুরু করেন, #IStayHomeFor।

"এই ভাইরাস সত্যিই ভয়ঙ্কর, এবং আমাদের একে অপরকে রক্ষা করতে এবং যারা সবচেয়ে ঝুঁকিপূর্ণ তাদের রক্ষা করার জন্য আমাদের সবার একটি দায়িত্ব রয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা কেবলমাত্র তখনই কার্যকর হব যদি সামাজিক দূরত্ব প্রয়োগ ও রক্ষণাবেক্ষণ করা হয়। এই কারণে আমরা উপলভ্য প্রতিটি টুল ব্যবহার করছি, সব জায়গায়, সবরকম ভাবে সকলের কাছে পৌঁছানোর জন্য—বিশেষত যে সম্প্রদায়গুলিতে আমরা স্বাভাবিকভাবে পৌঁছাতে পারি না--বাড়িতে থাকার মেসেজ আরও শক্তিশালী করতে এবং নিজেদের জন্য না হয়, আমাদের আশেপাশে থাকা আমাদের ভালবাসার মানুষরা, যারা ঝুঁকিপূর্ণ, তাদের জন্য এই রোগের বিস্তার বন্ধ করতে।"

এটি বাড়িতে থাকার মেসেজ নিয়ে রাজ্য জুড়ে সকল সম্প্রদায়ের কাছে পৌঁছানোর রাজ্যের চলমান প্রচেষ্টার বৃদ্ধি করে, যার মধ্যে রয়েছে:

- **"গো পেপার" প্রচারণা ("Go Paper" Campaign):** যে সব নিউ ইয়র্কবাসী সোশ্যাল মিডিয়ায় ব্যবহার করেন না, তাদের স্বীকৃতিস্বরূপ রাজ্য “গো পেপার” প্রচারণা তৈরি করেছে, যাতে ফ্রেশডিরেক্ট (FreshDirect) এর মতো ডেলিভারি সার্ভিসের অংশীদারিত্বে ফ্লায়ার্স প্রিন্ট করা হবে – যা মানুষকে সামাজিক দূরত্ব প্রোটোকল মেনে চলতে, হাত ধুতে এবং বাড়িতে থাকতে উৎসাহিত করে – এবং স্থানীয় ডেলিভারিগুলিতে সেগুলি সংযুক্ত করা হবে। এই সপ্তাহ থেকে শুরু করে ফ্রেশডিরেক্ট (FreshDirect) 100,000টি ডেলিভারির মধ্যে ফ্লায়ার্স অন্তর্ভুক্ত করবে। রাজ্য স্থানীয় ব্যবসায়ীদের কাছে অনুরোধ করছে সকল ডেলিভারির সঙ্গে এই ফ্লায়ার্স অন্তর্ভুক্ত করার জন্য। ফ্লায়ারগুলি ইংরেজি ও স্প্যানিশ ভাষায় পাওয়া যায় এখানে।
- **রাত্রিকালীন নিউজলেটার:** 17ই মার্চ থেলে চালু হওয়া, এই রাত্রিকালীন ইমেইল নিউজলেটার 190,000 গ্রাহকদের নির্ভরযোগ্য তথ্য এবং করোনাভাইরাসের প্রতি নিউ ইয়র্ক স্টেটের প্রতিক্রিয়া সম্পর্কে আপডেট প্রদান করে। ব্যক্তিরা এখানে নিউজলেটার গ্রহন করতে সাবস্ক্রাইব করতে পারেন এখানে।
- **উদ্দেশ্য সাধনের উপায় হিসেবে রেডিও ডিস্ক জকি (DJs):** নিউ ইয়র্ক স্টেট এই রাজ্যের গুরুত্বপূর্ণ সম্প্রদায়গুলিতে সবচেয়ে জনপ্রিয় রেডিও স্টেশনগুলিতে ডিস্ক জকিদের (DJs) সঙ্গে কাজ করছে কোরোনাভাইরাস ছড়িয়ে পড়া সংক্রান্ত তথ্য সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং তাদের শ্রোতাদের কাছে সামাজিক দূরত্বের মূল গুরুত্বপূর্ণ মেসেজগুলি পৌঁছে দিতে।
- **লিঙ্কডইন:** ব্যবসা ভিত্তিক নির্দিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞদের সঙ্গে যুক্ত হতে, গভর্নরের দল লিঙ্কডইন ব্যবহার করে ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জামের সোর্সিং, মহামারীর সময় বেসরকারি খাতের প্রভাব এবং মানসিক স্বাস্থ্যের গুরুত্ব সম্পর্কে মেসেজ তুলে ধরতে।
- **অ্যাড কাউন্সিলের PSA পোর্টালে নিউ ইয়র্ক হাব:** নিউ ইয়র্ক স্টেট (NYS) অ্যাড কাউন্সিলের সাথে চুক্তিবদ্ধ হয়েছে আমাদের বাড়িতে থাকুন, জীবন রক্ষা করুন মেসেজ ইংরাজী এবং স্প্যানিশ ভাষায় লক্ষণীয় করতে একটি নির্দিষ্ট নিউ ইয়র্ক স্টেট (NYS) হাব তৈরি করার জন্য। সম্পদের মধ্যে রয়েছে: 30 এবং: 60 সেকেন্ডের টিভি স্পট এবং প্রি-রোল, রেডিও স্পট, সোশ্যাল মিডিয়া পোস্ট, অনলাইন ব্যানার এবং আউট অফ হোম (Out-of-home, OOH) সাইন এবং বিলবোর্ড। এখানে সংস্থানগুলি ডাউনলোড করা যাবে।
- **নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ প্রিপেয়ার্ডনেস মেসেজিং (New York State Department of Health Preparedness Messaging):** নিউ ইয়র্কের বৈচিত্র্যময় এবং বহুভাষী জনগোষ্ঠী COVID-19 এর প্রসার রোধ করতে গুরুত্বপূর্ণ তথ্য গ্রহণ করছেন তা নিশ্চিত করার জন্য, এই বিভাগটি স্বাস্থ্য কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকারকে প্রধান বৈশিষ্ট্য করে জনপরিষেবা ঘোষণার এক ধারাবাহিক তৈরি করেছে। ওই বিজ্ঞাপনগুলো বর্তমানে বেতারবার্তা, কেবেল এবং স্প্যানিশ, চীনা ও

কোরিয়ান ভাষায় সাবটাইটেল সহ ভিডিও স্ট্রিমিং এর মাধ্যমে ইংরেজিতে প্রচারিত হচ্ছে। এছাড়াও, জনপরিষেবার ঘোষণা স্ট্রিমিং এবং বেতারবার্তা রেডিওতে প্রচার করা হচ্ছে, এবং জাতিগত সংবাদপত্রে স্থায়ীকরণের জন্য একাধিক ভাষায় প্রিন্ট বিজ্ঞাপন তৈরি করা হয়েছে। এছাড়াও স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) সকল সম্প্রদায়ের কাছে পৌঁছানোর লক্ষ্যের সাথে একটি ডিজিটাল বিজ্ঞাপনের প্রচারণা জড়িত হচ্ছে।

- **হাইওয়ে সাইন এবং বিলবোর্ড:** প্রধান রাস্তাগুলিতে ডিজিটাল সাইনের মাধ্যমে রাস্তায় গাড়ি চালানো ব্যক্তিদের গভর্নরের গুরুত্বপূর্ণ "বাড়িতে থাকুন, জীবন রক্ষা করুন" মনে করিয়ে দেওয়া হয়।
- **গ্রাফিক্স প্রচারণা-একটি জীবন বাঁচান-একটি জীবন বিপদে ফেলুন:** তথ্য দ্বারা প্রকাশিত, সামাজিক দূরত্ব কাজ করছে। সামাজিক দূরত্বের অনুশীলন আরও শক্তিশালী করতে, এই গ্রাফিক প্রচারণাটি বৈশিষ্ট্য হিসাবে নিউ ইয়র্কের ভিড় বনাম ফাঁকা স্থানগুলির পাশাপাশি তুলনা করে।
- **নেক্সটডোর:** গভর্নর নেক্সটডোর অ্যাপে একটি মেসেজিং প্রোগ্রাম চালু করেছেন নিউ ইয়র্কবাসীদের গুরুত্বপূর্ণ কোরোনাভাইরাস সংবাদ সম্পর্কে আপডেটেড রাখতে, যার মধ্যে নিউ ইয়র্কের বিরতি এবং সামাজিক দূরত্বের প্রসারণও রয়েছে।
- **স্ন্যাপচ্যাট:** নিউ ইয়র্ক স্টেট স্ন্যাপ ইনকর্পোরেটেডের সঙ্গে কিছু ফিল্টার তৈরি করার কাজ করছে যেগুলো নিউ ইয়র্কবাসীরা তাদের প্ল্যাটফর্মে গুরুত্বপূর্ণ বাড়িতে থাকুন মেসেজ ছড়িয়ে দিতে ব্যবহার করতে পারেন, যা আমেরিকার সকল 13-34 বছর বয়সীদের মধ্যে 75 শতাংশের কাছে পৌঁছায়। এই সপ্তাহে ফিল্টারগুলি চালু হবে এবং নিউ ইয়র্ক বিশেষভাবে এর লক্ষ্যবস্তু হবে। এছাড়াও গভর্নর কুওমো সম্প্রতি তার নিজস্ব স্ন্যাপচ্যাট অ্যাকাউন্ট চালু করেছেন — nygov — রাজ্য জুড়ে তরুণদের কাছে পৌঁছাতে এবং গুরুত্বপূর্ণ আপডেট প্রদানের জন্য এক কৌশলগত উপায় হিসেবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন